

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 23-10-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলায় উত্তর পূর্বাঞ্চলের এনসিসি গ্রুপ কমান্ডেন্টদের তিনদিনের দ্বি-বার্ষিক সম্মেলনের উদ্বোধন করেন ।
- (২) মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযানের সপ্তম পর্ব আগামীকাল থেকে সারা রাজ্যে শুরু হচ্ছে ।
- (৩) কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও মহাসড়ক রাষ্ট্রমন্ত্রী অজয় তামতা তিনদিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আজ আগরতলায় এসে পৌঁছেছেন ।
- (৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ব্রিকস দেশগুলিকে সন্ত্রাসবাদ ও সন্ত্রাসে অর্থায়ন মোকাবেলায় দৃঢ়ভাবে ঐক্যবদ্ধ হতে ও সহযোগিতা করার আহ্বান জানিয়েছেন।

Governor :

উত্তর পূর্বাঞ্চলের এনসিসি গ্রুপ কমান্ডেন্টদের নিয়ে তিন দিনের দ্বি-বার্ষিক সম্মেলন আজ আগরতলায় শুরু হয়েছে। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আগরতলার ২১ সেক্টর আসাম রাইফেলস অডিটোরিয়ামে এই সম্মেলনের উদ্বোধন করেন। অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, উত্তর পূর্বাঞ্চলে এনসিসি কে শক্তিশালী করার লক্ষ্যে এই ধরনের সম্মেলন অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজ্যে এনসিসি-র কোনোরকম প্রাতিষ্ঠানিক সুবিধার প্রয়োজন থাকলে রাজ্য সরকার অবশ্যই সেসব সুবিধা দিতে প্রস্তুত আছে।

উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে এনসিসি-কে শক্তিশালী করার যথেষ্ট প্রয়োজন রয়েছে বলে রাজ্যপাল অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, শুধুমাত্র প্রতিরক্ষা বিষয়ক কোর্সে ভর্তি হবার সুযোগ লাভের জন্যই নয়, এনসিসি-তে যুক্ত হলে শিক্ষালাভ, চাকরি পাওয়ার ক্ষেত্রে এবং নিজের ওপর আস্থা বৃদ্ধি হয়। রাজ্যপাল এনসিসি-র ক্যাডাদের নেশা ও সামাজিক ব্যাধির বিরুদ্ধে লড়াই করার জন্য প্রস্তুত করার আহ্বান জানান তিনি। দেশ গড়ার লক্ষ্যে এনসিসি যুব ক্যাডেটরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলেও তিনি মন্তব্য করেন। রাজ্যপাল বলেন,

#####Byte#####

অনুষ্ঠানে বক্তব্য রাখেন উত্তর পূর্বাঞ্চলের দায়িত্বপ্রাপ্ত এনসিসি-র অতিরিক্ত মহা নির্দেশক মেজর জেনারেল গগন দীপ। তিনি ত্রিপুরা এনসিসি ক্যাডেটদের কাজের প্রশংসা করেনা ও ক্যাডেটদের সঙ্গে মত বিনিময় করেন। সম্মেলনে উপস্থিত ছিলেন উত্তর-পূর্বাঞ্চলে রাজ্যগুলিতে কার্যরত এন সি সি-র সমস্ত ইউনিটের কমান্ডেন্টরা। অনুষ্ঠানের শুরুতে রাজ্যপাল এনসিসি ক্যাডারদের অভিষেক গ্রহণ করেন এবং উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলি থেকে আসা এনসিসি গ্রুপ কমান্ডেন্টদের সঙ্গে বৈঠক করেন।

Press Meet-MSSSK :

মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযানের সপ্তম পর্ব আগামীকাল থেকে সারা রাজ্যে শুরু হচ্ছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগামীকাল সকাল ১১টায় ধলাই জেলার আমবাসায় আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযানের সূচনা করবেন। আগামী ৬ই নভেম্বর পর্যন্ত এই অভিযান চলবে। উনকোটি জেলাতেও আগামীকাল থেকে এই অভিযান শুরু হচ্ছে। উনিশ বছর অধিক কিশোর-কিশোরীরা এই অভিযানের আওতায় আসবে। আজ কৈলাশহরে এক সাংবাদিক সম্মেলনে এই অভিযানের নোডাল

অফিসার ডাঃ অয়ন রায়, S.D.M.O ডাঃ পাপিয়া রুদ্রপাল জানান, চৌদ্দদিনব্যাপী এই অভিযানে কুমিনাশক ট্যাবলেট খাওয়ানো, টিটেনাস ও ডিপথেরিয়া টিকাকরণ কর্মসূচি, ভিটামিন-এ পরিপূরক খাওয়ানো সহ অ-সংক্রামক রোগ বা N.C.D স্ক্রিনিং করা হবে। তাছাড়া নাবালিকা বিবাহ ও গর্ভাবস্থা প্রতিরোধে বিশেষ গ্রামসভাও অনুষ্ঠিত হবে।

Central Minister :

কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও মহাসড়ক রাষ্ট্রমন্ত্রী অজয় তামতা তিনদিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আজ আগরতলায় এসে পৌঁছেছেন। তিনি আজ সন্ধ্যায় উদয়পুরে মাতা ত্রিপুরেশ্বরী মন্দির দর্শন করেন। আজ রাতে তাঁর আগরতলার নাগিছড়ায় হটিকালচার রিসার্চ সেন্টার পরিদর্শনের কথা রয়েছে। তিনি আগামীকাল খোয়াই সার্কিট হাউজে বিভিন্ন অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প এবং চলতি অন্যান্য প্রকল্পের কাজের অগ্রগতি পর্যালোচনা করবেন। তাছাড়া তিনি পদ্মবিল আর ডি ব্লকও পরিদর্শন করবেন। তাছাড়া তিনি খোয়াই ও মোহনপুর মহকুমায় জাতীয় সড়ক নির্মাণের কাজের অগ্রগতি খতিয়ে দেখবেন। কেন্দ্রীয় মন্ত্রী আগামীকাল লেঙ্গুছড়ায় আই.সি.এ.আর পরিদর্শনের পর আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে বৈঠক করবেন। ২৫শে অক্টোবর তিনি আগরতলায় সরকারী অতিথিশালায় এন.এইচ.আই.ডি.সি.এল এবং জাতীয় সড়ক নির্মাণের দায়িত্বপ্রাপ্ত পূর্ত দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন।

Mukhyomontri Somipeshu :

শারদোৎসবের পর মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ থেকে পুনরায় মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচি শুরু করেছেন। এই

কর্মসূচির ৩৪তম পর্বে আগরতলায় মুখ্যমন্ত্রী রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা জনগণের নানাবিধ সমস্যা, অভাব ও অভিযোগ শোনেন। এরমধ্যে বেশির ভাগই এসেছেন চিকিৎসা সংক্রান্ত আর্জি নিয়ে। প্রত্যেকের সমস্যা নিরসনে উদ্যোগ নিতে মুখ্যমন্ত্রী সংশ্লিষ্টকে আধিকারিকদের নির্দেশ দেন।

Sudhangsu Das Visit :

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ পশ্চিম ত্রিপুরা জেলার মোহনপুর বিধানসভার অন্তর্গত মৎস্য তত্ত্বাবধায়ক কার্যালয় এবং লেন্সুছড়াস্থিত মৎস্য চাষী প্রশিক্ষণ কেন্দ্র ও মৎস্য চাষে ব্যবহৃত বিভিন্ন জলাশয়গুলি পরিদর্শন করেন। তাছাড়া সিমনা বিধানসভার অন্তর্গত হেজামারাস্থিত মৎস্য দপ্তরের উদ্যোগে নব নির্মিয়মান মৎস্য জ্ঞান কেন্দ্রের নতুন ভবনটি পরিদর্শন করেন তিনি।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM, BRICS :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ব্রিকস দেশগুলিকে সন্ত্রাসবাদ ও সন্ত্রাসে অর্থায়ন মোকাবেলায় দৃঢ়ভাবে ঐক্যবদ্ধ হতে ও সহযোগিতা করার আহ্বান জানিয়েছেন। কাজানে ষোড়শ ব্রিকস শীর্ষ সম্মেলনের পূর্ণাঙ্গ অধিবেশনে, তিনি তরুণদের মধ্যে মৌলবাদ প্রতিরোধে সক্রিয় পদক্ষেপ নেওয়ার প্রয়োজনীয়তার উপর জোর দেন। সাইবার নিরাপত্তা এবং নিরাপদ ও সুরক্ষিত কৃত্রিম বুদ্ধিমত্তার জন্য বৈশ্বিক নিয়ন্ত্রণের জন্য কাজ করা উচিত বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে এই ব্রিকস শীর্ষ সম্মেলন এমন এক সময়ে অনুষ্ঠিত হচ্ছে যখন বিশ্ব যুদ্ধ, সংঘাত, অর্থনৈতিক অনিশ্চয়তা, জলবায়ু পরিবর্তন এবং সন্ত্রাস সহ অনেক চ্যালেঞ্জের মধ্যে রয়েছে। তিনি বলেন, ভারত যুদ্ধ নয়, আলোচনা ও কূটনীতির পক্ষে। তিনি আরও বলেন যে ব্রিকস একটি নিরাপদ, শক্তিশালী এবং সমৃদ্ধ ভবিষ্যতের জন্য নতুন সুযোগ তৈরি করতে সক্ষম কারণ এটি একসঙ্গে COVID-19 কে পরাজিত করেছে। প্রধানমন্ত্রী আরও বলেন, মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ এবং খাদ্য, জ্বালানি, স্বাস্থ্য ও জল ক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিত করা সব দেশের জন্য অগ্রাধিকারের বিষয়।

প্রধানমন্ত্রী মোদি বলেন যে ভারত ব্রিকস অংশীদার দেশ হিসেবে নতুন দেশগুলিকে স্বাগত জানাতে প্রস্তুত এবং এই বিষয়ে সমস্ত সিদ্ধান্ত সর্বসম্মতভাবে নেওয়া উচিত।

প্রধানমন্ত্রী বলেন যে ভারত ব্রিকসের অধীনে সহযোগিতা বৃদ্ধিতে সম্পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ। শ্রী মোদী ব্রিকস দেশগুলির মধ্যে আর্থিক একীকরণ বাড়ানোর প্রচেষ্টাকে স্বাগত জানিয়ে বলেছেন, স্থানীয় মুদ্রায় বাণিজ্য এবং সহজ আন্তঃসীমান্ত অর্থপ্রদান অর্থনৈতিক সহযোগিতাকে শক্তিশালী করবে। ভারতের ইউনিফাইড পেমেন্ট ইন্টারফেস বা ইউপিআই সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন, এটি ভারতের একটি বড় সাফল্য যা অনেক দেশে গৃহীত হয়েছে।

GMP Convention-Town hall :

গনমুক্তি পরিষদের বিশেষ সম্মেলনে আজ আগরতলা টাউন হলে অনুষ্ঠিত হয়। কনভেনশনে বক্তব্য রাখতে গিয়ে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার এডিসি-কে আরো বেশি ক্ষমতা প্রদানের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, জনজাতিদের সার্বিক বিকাশের লক্ষ্যে এডিসি-র জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ করা উচিত। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, গনমুক্তি পরিষদের সভাপতি নরেশ জমাতিয়া, সাধারন সম্পাদক রাধাচরন দেববর্মা।

Congress-Khowai :

পাঁচ দফা দাবির ভিত্তিতে যুব কংগ্রেসের উদ্যোগে আজ খোয়াই শহরে একটি মিছিলের পর জেলা শাসকের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। উল্লেখযোগ্য দাবিগুলির মধ্যে ছিল শিক্ষিত বেকারদের চাকুরী প্রদান ও আউটসোর্সিং নিয়োগ বন্ধ করা। এই ডেপুটেশনে উপস্থিত ছিলেন খোয়াই জেলা যুব কংগ্রেস সভাপতি শঙ্কর পাল, ব্লক যুব কংগ্রেসের সভাপতি টিংকু মোদক, তেলিয়ামুড়া জেলা কংগ্রেস সভাপতি প্রদ্যুৎ ভট্টাচার্য প্রমুখ।

PM-JANMAN-South :

স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আজ দক্ষিণ জেলার শান্তিরবাজার মহকুমার কালা লাউগাং ভিলেজের ব্রু জনগোষ্ঠীর পুনর্বাসন কেন্দ্রে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ১১৯ জনের স্বাস্থ্য পরীক্ষা করা হয়। শিবিরে ২টি পরিবারকে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার কার্ড প্রদান করা হয়।

NFRail Way. Special Train :

আগরতলা থেকে শিয়ালদহর মধ্যে একটি বিশেষ ট্রেন আজ সন্ধ্যা ৭টায় আগরতলা স্টেশন থেকে রওয়ানা হয়েছে। এই বিশেষ ট্রেন শুক্রবার সকাল ৮টা ৪০ মিনিটে শিয়ালদহ পৌঁছুবে। যাত্রা পথে আমবাসা, ধর্মনগর, নিউ হাফলং, লামডিং, গুয়াহাটি, নিউ জলপাইগুড়ি, কিশানগঞ্জ, মালদা টাউন, নিউ ফরাক্কা, রামপুরহাট, সাঁইথিয়া, বোলপুর, বর্ধমান, দক্ষিণেশ্বর সহ ২৯টি স্টেশনে থামবে। আগরতলা রেল স্টেশনের স্টেশন মাস্টার চন্দ্রমোহন শাহু এই সংবাদ জানিয়েছেন।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে অক্টোবর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত বিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৫তম পর্ব। জনগণ তাদের সুচিন্তিত চিন্তাভাবনা my gov open forum -এ এবং নম: APP-এ পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৫ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Weather :

বঙ্গোপসাগরে সৃষ্ট গভীর নিম্নচাপটি আজ শক্তি বাড়িয়ে ঘূর্ণিঝড়ে পরিণত হয়েছে। এটি এখন তীব্র গতিতে উপকূলের দিকে এগিয়ে আসছে। ভারতীয় আবহাওয়া বিভাগ থেকে বলা হয়েছে, আগামীকাল রাত থেকে ২৫শে অক্টোবর সকালের মধ্যে এই ঘূর্ণিঝড় দানা ওড়িশা উপকূলীয় অঞ্চলের ভিতরকণিকা এবং ধামরা বন্দরের মাঝে আছড়ে পড়তে পারে। স্থলভাগে আছড়ে পড়ার

সময় ঘূর্ণিঝড়ের গতিবেগ হতে পারে ঘণ্টায় সর্বোচ্চ ১০০ থেকে ১২০ কিলোমিটার।

ঘূর্ণিঝড় দানা-র প্রভাবে রাজ্যে আজ থেকে বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত শুরু হয়েছে। আগরতলা আবহাওয়া দপ্তরের সহকারি অধিকর্তা আদিত্য রাজ বর্মা জানিয়েছেন,

#####Byte#####

ঘূর্ণিঝড়ের প্রভাবে রাজ্যের দক্ষিণ ও সিপাহিজলা জেলায় আজ এবং আগামীকাল ভারী বৃষ্টিপাত হতে পারে। বাকি জেলায় বজ্রপাতের সঙ্গে হালকা বৃষ্টি হতে পারে। আগামী ২৫শে অক্টোবর থেকে ঘূর্ণিঝড় দানার প্রভাব কমতে শুরু করবে।

আগামীকাল রাজ্যে সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক তিন ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।
